ঢালাই করা হয়েছিলো এবং তঁার চেহার-ই আনওয়ার লালচে সাদা ছিলো ।\* হে আল্লাহ! দুরূদ

وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي

ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী-  
ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যাঁর চেহারা

كَانَ كَأَنَّ الشَّمْسَ تَجْرِي فِي وَجْهِهِ وَكَانَ رَقِيقَ الْبَشْرَةِ

কা-না কাআল্লাশ্ শামসা তাজরী- ফী- ওয়াজহিহী- ওয়া কা-না রাক্বী-ক্বাল্ বাশরাতি  
এমনি উজ্জ্বল ছিলো যেনো সূর্য সেটার তিতর চলাচল করছে, তঁার ত্বক মুবারক চূড়ান্ত পর্যায়ের কোমল ও মসৃণ ছিলো

وَلَمْ يَكُنْ شَيْءٌ أَصْفَى مِنْ جِلْدِهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى

ওয়া লাম ইয়াকুন্ শায়উন্ আস্ফা- মিন জিলদিহ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা-  
এবং (সমগ্র সৃষ্টির মধ্যে) কোন জিনিষই তঁার ত্বক মুবারকের মতো স্বচ্ছ ও মসৃণ ছিলো না । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ كَأَنَّ مَاءَ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- কা-না কা'আল্লা মা-আয্  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যাঁর চেহারা মুবারকের রং তেমনি

\* যেমন রূপার উপর সোনা গলানো পানি চড়ানো হয়েছে ।

الذَّهَبِ يَجْرِي فِي صَفْحَةِ خَدِّهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيَّ

যাহাবি ইয়াজরী- ফী- সফহাতি খাদ্দিহ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা-  
ছিলো যেনো গণ্ডেশ মুবারকের উপর স্বর্ণগলিত পানি প্রবাহিত হচ্ছে । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۝ الَّذِي كَانَ رَوْنَقَ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- কাআল্লা রাওনাক্বাল  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুবের জন্য সৌন্দর্যের

الْجَمَالِ يَطْرُدُ فِي سِرَّةِ جَبِينِهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيَّ سَيِّدِنَا

জামা-লি ইয়াশত্ব্বারিদু ফী- সিররাতি জাবী-নিহ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা-  
ওজ্জল্য ও বাহার স্থায়ী ছিলো- তঁার চেহারার রেখাগুলোর মধ্যে । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۝ الَّذِي كَانَ أَحْسَنَ النَّاسِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- কা-না আহসানান্ না-সি  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুব সর্বাপেক্ষা সুন্দর ছিলেন

وَجُهَاً وَكَانَ عَرَقُهُ فِي وَجْهِهِ كَالدَّرِّ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيَّ

ওয়াজহাওঁ ওয়া কা-না 'আরাক্বুহু- ফী- ওয়াজ্হিহী- কাদ দুয়ার । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা-  
চেহারা-ই আনওয়ারের দিক দিয়ে এবং তঁার চেহারা-ই আক্বদাসের মধ্যে তঁার ঘাম মুবারকের ফোঁটাগুলো ছিলো পানি সিক্ত মুক্তরাজি । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۝ الَّذِي لَمْ يَكُنْ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- লাম ইয়াক্বুম  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই সৌন্দর্যের মুকুটধারী একেবারে

بِالْأَبْيَضِ الْأَمْهَقِ وَكَانَ مَلِيحَ الْوَجْهِ كَثِيرَ الْعَرَقِ اللَّهُمَّ صَلِّ

বিল্ আবইয়াদিল আমহাক্বি ওয়া কা-না মালী-হাল্ ওয়াজ্হি কাসী-রাল্ 'আরাক্ব । আল্লা-হুম্মা সল্লি  
খাঁটি সাদা ছিলেন না, তিনি ছিলেন লাবণ্যময় আকর্ষণীয় চেহারাধারী এবং বেশী ঘামবিশিষ্ট । হে আল্লাহ! দুরূদ

وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۙ الَّذِي

ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ব্লাযী-  
ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আক্কা

كَانَ اِذَا سُرَّ اسْتَنَارَ حَتّٰى كَانَتْ قِطْعَةً مِّنَ الْقَمَرِ ۙ اَللّٰهُمَّ صَلِّ

কা-না ইযা- সুররা ইসতানা-রা হাত্তা- কাআন্নাহু- ক্বিত্তু 'আতুম্ মিনাল্ ক্বামার্ । আল্লা-হুম্মা সল্লি  
যখন খুশী হতেন, তখন তঁার চেহারা-ই আনওয়ার চমকিত হয়ে উঠতো, তখন মনে হতো যেনো চাঁদের টুকরো । হে আল্লাহ! দুরদ

وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۙ الَّذِي

ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ব্লাযী-  
ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আক্কার

كَانَ اَثْرُ الْمَخِيْطِ فِيْ صَدْرِهِ وَكَانَ تَدْوِيْرٌ قَلِيْلٌ فِيْ وَجْهِهِ مَعَ

কা-না আসারুল্ মিখইয়াত্তি ফী- সদরিহী- ওয়া কা-না তাদতী-রন্ ক্বালী-লুন ফী- ওয়াজ্হিহী- মা'আত্  
বক্ষ মুবারকে (বক্ষ মুবারক বিদারনের পর) সেলাইর চিহ্ন মওজুদ ছিলো এবং তঁার চেহারা-ই আক্কুদাস ছিলো যথাযথ গোলাকৃতি

التَّنْوِيْرِ ۙ اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلٰى اٰلِ

তানতী-র্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
আলোক-ওজ্জল্য সহকারে । হে আল্লাহ! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ ۙ الَّذِي كَانَ يَتَبَرَّقُ اَسَارِيْرٌ وَوَجْهِهِ ۙ اَللّٰهُمَّ صَلِّ

সায়্যিদিনা- মুহাম্মাদিনি ব্লাযী- কা-না ইয়াতাবার্ব্রাকু আসা-রী-রু ওয়াজ্হিহ্ । আল্লা-হুম্মা সল্লি  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুবের চেহারা-ই আনওয়ার ও পবিত্র কপালের রেখাগুলো চমকাতো । হে আল্লাহ! দুরদ

وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۙ الَّذِي

ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ব্লাযী-  
ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আক্কা

كَانَ أَحْسَنَ النَّاسِ عُنُقًا وَكَانَ جَبِينُهُ بَرَّاقًا اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ

কা-না আহসানান্ না-সি 'উনুকাওঁ ওয়া কা-না জাবী-নুহু- বাররা-ক্বা- । আল্লা-হুস্মা সল্লি ওয়া সাল্লিম  
সর্বাপেক্ষা সুন্দর গর্দান বিশিষ্ট ছিলেন এবং তাঁর কপাল মুবারক অত্যন্ত উজ্জ্বল ও চমকদার ছিলো । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ

'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিল্লি ল্লাযী- কা-না  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আক্বার

عَظِيمِ الْهَامَةِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

'আযী-মাল্ হা-মাহ্ । আল্লা-হুস্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-  
শির মুবারক বড় (যথাযথ গড়নে) ছিলো । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং

آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي لَمْ يَكُنْ بِالطَّوِيلِ الْبَائِنِ وَلَا بِالْقَصِيرِ

আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিল্লি ল্লাযী- লাম ইয়াকুম্ বিত্বত্বাভী-লিল্ বা-ইনি ওয়ালা- বিল্ ক্বাসী-রিন্  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুব না বেশী লম্বা গড়নের ছিলেন, না একেবারে খাটো (বরং মাঝারি গড়নের)

الْمُتَرَدِّدِ وَكَانَ جَلِيلَ الْمُشَاشِ وَالْكُتَدِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ

মুতারাদ্দি, ওয়া কা-না জালী-লাল্ মুশা-শি ওয়াল্ কাতাদ্ । আল্লা-হুস্মা সল্লি ওয়া সাল্লিম  
ছিলেন আর তাঁর হাড়গুলোর মাথা এবং স্কন্ধ দু'টির মধ্যবর্তী অংশ মহান ছিলো । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي يُنْسَبُ

'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিল্লি ল্লাযী- ইয়ুনসাবু  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আক্বার গড়নকে মাঝারী বলা

إِلَى الرَّبْعَةِ إِذَا مَشَى وَحَدَهُ وَكَانَ إِذَا مَشَى مَعَ الطَّوِيلِ طَالَهُ

ইলার রাব'আতি ইযা- মাশা- ওয়াহ্দাহু- ওয়া কা-না ইযা- মাশা- মা'আত্ব ত্বাভী-লি ত্বা-লাহ্ ।  
যায় যখন একাকী চলতেন আর যখন কোন লম্বা গড়নের মানুষের সাথে চলতেন তখন তাঁকে ওই লোক অপেক্ষা উঁচু দেখা যেতো ।\*

\* যাতে গুণগত উঁচুতার সাথে সাথে গড়নগত উঁচুতাও সুস্পষ্ট হয়ে যায় ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা

مُحَمَّدٍ الَّذِي كَانَ أَرْجَ الْحَاجِبِينَ وَكَانَ أَحْسَنَ عِبَادِ اللَّهِ

মুহাম্মাদিন ল্লাযী- কা-না আযাজ্জাল্ হা-জিবায়নি ওয়া কা-না আহসানা 'ইবা-দিলা-হি  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আক্কা সরু ও লম্বা ক্র বিশিষ্ট ছিলেন এবং আল্লাহর সমস্ত বান্দা অপেক্ষা বেশী সুন্দর ছিলেন

شَفَتَيْنِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

শাফাতায়ন। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
ওষ্ঠযুগলের দিক দিয়ে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَتْ حَوَاجِبُهُ سَوَابِغَ مِنْ غَيْرِ قَرْنٍ وَ

সায়্যিদিনা- মুহাম্মাদিন ল্লাযী- কা-নাত্ হাওয়া-জিবুহু- সাওয়া-বিগা মিন্ গায়রি ক্বারনিওঁ ওয়া  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুবের ক্র মুবারক পূর্ণাঙ্গ ও পরিপূর্ণ এবং দীর্ঘ ও প্রশস্ত ছিলো- পরস্পর মিলিত হওয়া ছাড়া এবং

لَمْ يَكُنْ قَصِيرَ الذَّقْنِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَ

লাম ইয়াকুন ক্বাসী-রায্ যাক্বান্। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া  
হযরের খুতনী শরীফ খাটো-ছোট ছিলো না। (বরং প্রতিটি অঙ্গ যথার্থতার শীর্ষে ছিলো।) হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং

عَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ بَيْنَ حَاجِبَيْهِ عِرْقٌ يَدْرُهُ

'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন ল্লাযী- কা-না বায়না হা-জিবায়হি 'ইরক্বুই ইয়াদুররুহল  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই উভয় জাহানের বাদশাহর উভয় ক্র মধ্যভাগে একটি রগ ছিলো, যাকে ক্রোধ-অবস্থা

الْغَضَبُ وَكَانَ زَرِيْعَ الْمَشِيَةِ إِذَا مَشَى تَقَلَّعَ كَأَنَّمَا يَنْحَطُّ مِنْ

গাছাবু ওয়া কা-না যারী- 'আল্ মাশয়াতি ইযা- মাশা- তাক্বাল্লা 'আ কাআল্লামা- ইয়ানহাত্তু মিন্  
নাড়া দিতে এবং তিনি চলার সময় খুব দ্রুতগামী ছিলেন। যখন তিনি চলতেন, তখন পদযুগলকে এমনি সজোরে তুলতেন যেমন তিনি উঁচু জায়গায় থেকে



صَبِّ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

সবাব্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
নিচে নামছেন । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা

سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ دَقِيقَ الْحَاجِبِينَ وَكَانَ إِذَا سَرَّ يُرَى

সায়্যিদিনা- মুহাম্মাদিল্লি ল্লাযী- কা-না দাক্বী-কাল্ হা-জিবায়নি ওয়া কা-না ইযা- সুররা ইয়ুরা-  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আক্কা সরু ۞ বিশিষ্ট ছিলেন, যখন তিনি খুশী হতেন, তখন

شَخْصُ الْجُدْرِ فِي وَجْهِهِ الْحَسَنِ وَكَانَ لَوْنُ ابْطِيهِ أَيْضَ

শাখসুল্ জুদুরি ফী ওয়াজ্‌হিহিল্ হাসানি ওয়া কা-না লাওনু ইবত্বায়হি আবইয়াদ্বা  
দেওয়ালগুলোর প্রতিবিশ্ব তাঁর সুন্দর চেহারার মধ্যে দেখা যেতো এবং তাঁর বগলযুগলের রং অধিকতর সাদা ছিলো,

كَلُونِ سَائِرِ الْبَدَنِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَ

কালানি সা-ইরিল্ বাদান্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া  
যেমনটি ছিলো গোটা শরীর মুবারকের রং । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং

عَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ عَظِيمَ الْجُمَّةِ يُجَاوِزُ

'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিল্লি ল্লাযী- কা-না 'আযী-মাল্ জুম্মাতি ইয়ুজা-ভিযু  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুব বড় চুল বিশিষ্ট ছিলেন,

شَعْرُهُ إِلَى شَحْمَتِي أَذْنِيهِ إِذَا طَالَ وَوَفْرُهُ إِذَا قَصَرَ إِلَى

শা'রুহু- ইলা শাহমাতাই উয়ুনায়হি ইযা- ত্বা-লা ওয়া ওয়াফরুহু- ইযা- কুসিরা ইলা-  
তাঁর চুল মুবারক কানের লতি মুবারক দু'টিকেও ছাড়িয়ে যেতো যখন লম্বা হতো । (এ পরিমাণকে 'জুম্মাহ' বলা হয় ।) আর 'ওয়াফরাহ' আকারে হয়ে যেতো-

أَنْصَافِهَا اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

আনসা-ফিহা- । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
কান মুবারক দু'টির মধ্যভাগ পর্যন্ত, যখন কাটা হতো । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ رَجُلَ الشَّعْرِ كَانَهُ مُشِطًا وَكَانَ لَهُ

সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- কা-না রাজিলাশ্ শা'রি কাআন্নাহু- মুশিত্তা ওয়া কা-না লাহু-  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আক্কা সিঁথিকটা আঁচড়ানো চুলবিশিষ্ট ছিলেন, যেনো (বাস্তবেও) চিরুণী করা হয়েছে এবং তাঁর চুল ছিলো

شَعْرٌ فَوْقَ الْجُمَّةِ دُونَ الْوَفْرَةِ وَكَانَ لَهُ شَعْرٌ يَضْرِبُ مَنْكِبَيْهِ

শা'রুন ফাওক্বাল্ জুম্মাতি দু-নাল্ ওয়াফরাতি ওয়া কা-না লাহু- শা'রুই ইয়াদরিবু মানকিবায়হি ।  
'জুম্মাহ'র সীমানার উপরে এবং 'ওয়াফরাহ'র সীমা থেকে নিচে । আর (কখনো কখনো) হযরের চুল মুবারক তাঁর ক্ষুদ্রযুগলকে স্পর্শ করতো ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা

مُحَمَّدٍ الَّذِي كَانَ شَعْرُهُ إِلَى أَنْصَافِ أُذُنَيْهِ وَطَابَتْ رَائِحَةُ

মুহাম্মাদিনি ল্লাযী- কা-না শা'রুহু- ইলা- আনসা-ফি উযুনায়হি ওয়া ত্বা-বাত্ রা-ইহাতু  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আক্কার চুল মুবারক (কখনো) তাঁর বরকতময় কান মুবারক দু'টির মাঝামাঝি পর্যন্ত হতো এবং পবিত্র

إِبْطِيهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

ইব্তায়হি । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
ছিলো তাঁর মুবারক ও মনোরম বগল দু'টির খুশবু । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা

مُحَمَّدٍ الَّذِي كَانَ إِذَا انْفَرَقَتْ عَقِيقَتُهُ فَرَّقَ وَالْأَفْلَا وَكَانَ

মুহাম্মাদিনি ল্লাযী- কা-না ইযান্ ফারাক্বাত্ 'আক্বী-ক্বাতুহু- ফাররাক্বা ওয়া ইল্লা- ফালা- ওয়া কা-না  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আক্কার চুল মুবারক এলোমেলো ও পৃথকপৃথক হয়ে গেলে চিরুণী ব্যবহার করে শির মুবারকের মধ্যভাগে শিথি কাটতেন, অন্যথায না; আর

جَعَدًا رَجُلًا اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

জা'দার্ রাজিলা- । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
তা থাকতো আঁচড়ানো, কিন্তু মাঝারী ধরনের । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي لَمْ يَكُنْ بِالسَّبْطِ وَلَا بِالْجَعْدِ الْقَطِطِ

সায়্যিদিনা- মুহাম্মাদিন্‌ ল্লাযী- লাম ইয়াকুন্‌ বিস্‌সাবত্‌তি ওয়া লা- বিল্‌ জা'দিল্‌ ক্বত্‌ত্‌তি ।  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যাঁর চুল মুবারক না একেবারে সোজা ছিলো, না এমনভাবে আঁচড়ানো যে, একেবারে জটপাকিয়ে থাকে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের

مُحَمَّدٍ الَّذِي كَانَ حَسَنَ الشَّعْرِ وَكَانَ غَامِرِي الثَّدْيَيْنِ

মুহাম্মাদিন্‌ ল্লাযী- কা-না হাসানাশ্‌ শা'রি ওয়া কা-না গা-মিরায়িস্‌ সাদ্‌ইয়ায়নি  
উপর, যেই মাহবুবের চুল মুবারক খুবই সুন্দর ছিলো, তাঁর স্তনযুগল ও পেট মুবারক লোমশূন্য ছিলো,

وَالْبُطْنِ وَكَانَ مَفَاضَ الْبُطْنِ وَعَارِي الصَّدْرِ اللَّهُمَّ صَلِّ

ওয়াল্‌ বাত্বনি ওয়া কা-না মাফা-দ্বাল্‌ বাত্বনি ওয়া 'আ-রিয়াস্‌ সদরি । আল্লা-হুম্মা সল্লি  
(লোম রেখা ব্যতীত) তাঁর পেট মুবারক সমান ছিলো, বক্ষ মুবারক ছিলো বাইরের দিকে ও উঁচু । হে আল্লাহ! দুরূদ

وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي

ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্‌ ল্লাযী-  
ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আক্কা

كَانَ ذَا غَدَائِرٍ أَرْبَعٍ وَكَانَ طَوِيلَ الْأَصَابِعِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ

কা-না যা- গাদা-ইরা আরবা'ইওঁ ওয়া কা-না ত্বাভী-লাল্‌ আসা-বি'ই । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম  
ছিলেন চার বিনী বিশিষ্ট\* এবং তাঁর আঙ্গুল মুবারকগুলো ছিলো লম্বা । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ

'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্‌ ল্লাযী- কা-না  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহুব

\* অর্থাৎ তাঁর চুল মুবারকগুলো চারভাঁজে সজ্জিত ছিল, যা দেখে মনে হতো যেন চারটি বিনী করা হয়েছে ।

عَرِيضَ الصَّدْرِ وَكَانَ شَدِيدَ سَوَادِ الشَّعْرِ وَكَانَ مُعْتَدِلَ

‘আরী-ছাস্ সদরি ওয়া কা-না শাদী-দা সাওয়া-দিশ্ শা’রি ওয়া কা-না মু’তাদিলাল্  
প্রশস্ত বক্ষবিশিষ্ট ছিলেন আর অধিক কালো চুলবিশিষ্ট এবং মাঝারী গড়নের ছিলেন।

الْخَلْقِ وَلَمْ يَكُنْ فِي رَأْسِهِ شَيْبٌ إِلَّا شَعْرَاتٌ فِي الْفَرْقِ

খাল্কি ওয়া লাম ইয়াকুন ফী- রা’সিহী- শায়বুন ইল্লা- শা’আরা-তুন ফিল্ ফারকি।  
আর হুযূরের শির মুবারকে বাদ্ধক্যের শুভ্রতা ছিলো না, শির মুবারকের উপরিভাগে কয়েকটা চুল মুবারক ব্যতীত।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া ‘আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي كَانَ الْبَيَاضُ فِي عُنُقَتِهِ وَفِي الصُّدْغَيْنِ اللَّهُمَّ

মুহাম্মাদিনি ল্লাযী- কা-নাল্ বায়া-দু ফী- ‘আনফাক্বাতিহী- ওয়া ফিস্ সুদ্ গায়ন। আল্লা-হুম্মা  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যাঁর (দাড়ি মুবারকে) শুভ্রতা শুধু নিম্নভাগের গুঠের সোনালী অংশে এবং কানের-গোড়ায় ছিলো। হে আল্লাহ!

صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া ‘আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি  
দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর,

الَّذِي لَمْ يَكُنْ عِنْدَ الشَّيْبِ فِي رَأْسِهِ وَلِحْيَتِهِ إِلَّا عَشْرُونَ

ল্লাযী- লাম ইয়াকুন ‘ইনদাশ্ শায়বি ফী- রা’সিহী- ওয়া লিহইয়াতিহী- ইল্লা- ‘ইশর-না  
যেই মাহবুবের বাদ্ধক্যের সময় শির ও দাড়ি মুবারকে ছিলো না, কিন্তু মাত্র বিশটি

شَعْرَةً بَيْضَاءَ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

শা’রাতাম্ বায়দা-আ। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া ‘আলা-  
সাদা চুল। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং

اَلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ مَسِيحَ الْقَدَمَيْنِ يَنْبُو عَنْهُمَا

আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন ল্লাযী- কা-না মাসী-হাল্ ক্বাদামায়নি ইয়াম্- ‘আনহুমা  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আক্বা ছিলেন যেনো কদমযুগলে তেল লাগিয়েছেন, ওই দু’টি থেকে পানি সরে

اَلْمَاءُ اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلٰى اٰلِ سَيِّدِنَا

মা-উ। আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া ‘আলা- আ-লি সায়্যিদিনা-  
যেতো। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي كَانَ لَهُ شَعْرٌ قَدْ عَلَاهُ الشَّيْبُ وَشَبِيهُ أَحْمَرُ

মুহাম্মাদিন ল্লাযী- কা-না লাহু- শা’রন্ ক্বাদ ‘আলা-হুশ শায়বু ওয়া শায়বুহু- আহমার।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যাঁর মুবারক চুলগুলোর উপর বাদ্ধক্যের চিহ্ন প্রকাশ পেয়েছিলো, আর ওই চিহ্নও ছিলো লালচে হওয়া মাত্র।\*

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلٰى اٰلِ سَيِّدِنَا

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া ‘আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي كَانَ اَجْمَلَ النَّاسِ مِنْ بُعِيدٍ وَ اَجْلَاهُمْ

মুহাম্মাদিন ল্লাযী- কা-না আজমালান্ না-সি মিম্ বা‘ঈ-দিওঁ ওয়া আজলা-হম্  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যে মাহবুব সর্বাপেক্ষা বেশী সৌন্দর্যমণ্ডিত ছিলেন দূর থেকে (দেখতে) এবং সর্বাপেক্ষা বেশী উজ্জ্বল ও

وَ اَحْسَنَهُمْ مِنْ قَرِيْبٍ وَ كَانَ اَجْرَدَ وَاَنْوَرَ الْمُتَجَرِّدِ اَللّٰهُمَّ

ওয়া আহসানাহম্ মিন্ ক্বারী-বিওঁ ওয়া কা-না আজরাদা ওয়া আনওয়ারাল্ মুতাজাররিদ্। আল্লা-হুমা  
সুন্দর ছিলেন নিকট থেকেও এবং তাঁর শরীর মুবারক (সাধারণত) কেশবিহীন ছিলো, আর তাঁর অঙ্গ-প্রত্যঙ্গগুলো কেশ ছাড়াও দেখতে সুন্দর ও নূরানী ছিলো। হে আল্লাহ!

صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া ‘আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন  
দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর,

الَّذِي كَانَ ذَا الْمَسْرَبَةِ وَطَوِيلَ الْمَسْرَبَةِ وَحَسَنَ الْأَرْنَبَةِ

ল্লাযী- কা-না যাল্ মাসরাবাতি ওয়া ত্বাভী-লাল্ মাসরাবাতি ওয়া হাসানা ল্ আরনাবাতি  
যেই মাহবুব বক্ষ থেকে নাভী মুবারক পর্যন্ত লোম বিশিষ্ট ছিলেন এবং তাঁর লোমগুলোর এ রেখা লম্বা ছিলো, তাঁর নাক মুবারকের অগ্রভাগ খুব সুন্দর ছিলো,

وَأَقْنَى الْأَنْفِ وَخَافِضَ الظَّرْفِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيَّ

ওয়া আক্বনা ল্ আনফি ওয়া খা-ফিছাত্ ত্বরফ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা-  
তঁার নাক মুবারক উঁচু (মনে হতো, নূরানী হবার কারণে) এবং তিনি অবনত দৃষ্টিসম্পন্ন ছিলেন । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ أَقْنَى

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদি ল্লাযী- কা-না আক্বনা ল্  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যিনি ছিলেন, উঁচু সরু নাক বিশিষ্ট

الْعُرْنَيْنِ وَوَأَسَعَ الْجَبِينِ وَحَسَنَ الصَّوْتِ وَضَلِيعَ الْفَمِ مُفَلِّجًا

'ইরনায়নি ওয়া ওয়া-সি'আল্ জাবী-নি ওয়া হাসানা স্ সওতি ওয়া দ্বালী-'আল্ ফামি মুফাল্লাজা- ।  
অথবা নাকের মধ্যভাগে উঁচু অংশ বিশিষ্ট এবং প্রশস্ত কপাল, ললিত কণ্ঠ, প্রশস্ত মুখ মুবারক এবং (সামনের দিকের দাঁতগুলোতে যথাযথ) প্রশস্ততা বিশিষ্ট ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيَّ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের

مُحَمَّدٍ الَّذِي كَانَ أَدْعَجَ الْعَيْنَيْنِ وَتَمَّ الْأُذُنَيْنِ وَأَحْوَرَ أَنْجَلَ

মুহাম্মাদি ল্লাযী- কা-না আদ'আজাল্ 'আয়নায়নি ওয়া তা-ম্মাল উয়নায়নি ওয়া আহুওয়ারা আনজালাল্  
উপর, যেই আক্বা কালো ও মোটা চক্ষু বিশিষ্ট ছিলেন, পূর্ণাঙ্গ ও পরিপূর্ণ কান বিশিষ্ট, সাদা রংবিশিষ্ট মোটা ও

الْمُقَلَّةِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيَّ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ

মুক্বলাহ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
সুন্দর চোখ বিশিষ্ট । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা

سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ أَسِيلَ الْخَدَّيْنِ وَبُعَيْدَ مَا بَيْنَ

সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্বায়ী- কা-না আসী-লাল্ খাদ্দায়নি ওয়া বু'আয়দা মা- বায়নাল্  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আঁকার চেহারার দু'পাশ ঢালু ছিলো, দু'স্কন্ধ মুবারকের মধ্যভাগে চওড়া অংশ বিশিষ্ট ছিলেন,

الْمَنْكَبَيْنِ وَطَوِيلَ شَقِّ الْعَيْنَيْنِ وَعَظِيمَ الْمَنْكَبَيْنِ وَكَانَ

মানকিবায়নি ওয়া ত্বাভী-লা শাক্বক্বিল্ 'আয়নায়নি ওয়া 'আযী-মাল্ মানকিবায়নি ওয়া কা-না  
তঁার চোখ মুবারক দু'টির ভাঁজ লম্বা ছিলো, তঁার গর্দান মুবারক ও স্কন্ধ দু'টির মধ্যবর্তী অংশ বড় ছিলো, তঁার

أَهْدَبَ الْأَشْفَارِ وَلِيَدِهِ طِيبٌ كَأَنَّهُ مُخْرَجَةٌ مِّنْ جُؤْنَةِ الْعَطَّارِ

আহদাবাল্ আশফা-রি ওয়া লিইয়াদিহী- ত্বী-বুন্ কাআন্বাহু- মুখরাজাতুম্ মিন্ জু-নাতিল্ 'আত্বত্বা-র্  
চোখের বরকতময় পালকগুলো লম্বা ছিলো, আর তঁার হাত দু'টিতে এমনই খুশবু ছিলো যে, সেগুলো যেনো আতর-ব্যবসায়ীর থলে ও পাত্র থেকে বের করা হয়েছে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লাহ-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা

مُحَمَّدٍ الَّذِي كَانَ أَشْكَلَ أَيِّ كَانَتْ لَهُ عُرُوقٌ دَقِيقَةٌ حَمْرَاءُ

মুহাম্মাদিনি ল্বায়ী- কা-না আশ্কালা আয় কা-নাত্ লাহু- 'উরূ-ক্বুন্ দাক্বী-ক্বাত্বুন্ হামরা-উ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুবের চক্ষুগল বেশী সুন্দর ছিলো, অর্থাৎ তঁার চোখ দু'টির মধ্যে লাল রংয়ের সরু রেখা ছিলো।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লাহ-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা

مُحَمَّدٍ الَّذِي كَانَ شِثْنَ الْكَفَيْنِ وَالْقَدَمَيْنِ خُمْصَانَ

মুহাম্মাদিনি ল্বায়ী- কা-না শাসিনাল্ কাফ্ফায়নি ওয়াল্ ক্বাদামায়নি খুমসা-না  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুব পূর্ণ মাংসাল হাতের তালু ও কদমযুগল বিশিষ্ট ছিলেন এবং মাঝখানে কিছুটা উঁচু ও উখিত।

الْأَخْمَصِينَ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

আখমাসায়ন। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
পায়ের তালু বিশিষ্ট ছিলেন। হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَتْ كَفُّهُ أَلَيْنَ مِنَ الْحَرِيرِ وَالذَّبَابِ

সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- কা-নাত্ কাফ্‌ফুহু- আলইয়ানা মিনাল্ হারী-রি ওয়াদ দী-বা জি,  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুবের হাতের তালু মুবারক (সাধারণ ও বিশেষ) রেশম অপেক্ষাও বেশী নরম ও তুলতুলে ছিলো। সর্ক ও উৎকৃষ্ট রেশম

وَعَلَبَ ضَوْءُهُ ضَوْءَ الشَّمْسِ وَالسِّرَاجِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ

ওয়া গালাবা দ্বাওউহু- দ্বাওআশ্ শামসি ওয়াস্ সিরাজ্। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম  
অপেক্ষাও বেশী এবং তাঁর নূরানিয়াৎ সূর্য এবং চেরাগের আলো অপেক্ষাও বেশী উজ্জ্বল ছিলো।\* হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো

عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ

'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- কা-না  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই

أَكْحَلَ الْعَيْنَيْنِ وَلَيْسَ بِأَكْحَلَ وَكَانَ نَظْرُهُ إِلَى الْأَرْضِ مِنْ

আকহালান্ 'আয়নায়নি ওয়া লায়সা বিআকহালা, ওয়া কা-না নাযারুহু- ইলাল্ আরদি মিম্  
মাহবুব সুরমা মাখা চক্ষুযুগল বিশিষ্ট ছিলেন, এমতাবস্থায়ও যে, সুরমা লাগাতেন না এবং তাঁর আসমানের দিকে দেখার

بَعْدَ نَظْرِهِ إِلَى السَّمَاءِ أَطْوَلَ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا

বা'দি নাযারিহী- ইলাস্ সামা-ই আতুওয়াল। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা-  
পর যমীনের দিকে দেখার দৃষ্টি অধিকতর দীর্ঘ ছিলো। হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা

مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي لَمْ يَصِفْهُ وَاصِفٌ قَطُّ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- লাম ইয়াসিফ্‌হু ওয়া-সিফুন্ দ্বাত্তু  
হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুবের কেউ প্রশংসা করতেই

\* অর্থাৎ যেটারই সম্মুখীন হতেন সেটা অপেক্ষা বেশি আলোকিত ছিলেন।



إِلَّا شَبَّهُ وَجْهَهُ بِالْقَمَرِ لَيْلَةَ الْبَدْرِ وَكَانَ حَسَنَ الشَّعْرِ اللَّهُمَّ

ইল্লা- শাববাহা ওয়াজ্জাহূ- বিল্ ক্বামারি লায়লাতাল্ বাদরি ওয়া কা-না হাসানাস্ শা'র । আল্লা-হুম্মা তাঁর চেহারা-ই আনওয়ারকে চৌদ্দ তারিখের চাঁদের সাথেই উপমা দিয়েছেন আর তিনি ছিলেন সুন্দর চুল বিশিষ্ট । হে আল্লাহ!

صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর,

الَّذِي كَانَ أَشْنَبَ وَكَانَ سَبْطَ الْقَصَبِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ

ল্লাযী- কা-না আশনাবা ওয়া কা-না সাব্ভাল্ ক্বাসাব্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম যেই মাহবুব সুন্দর দাঁত বিশিষ্ট ছিলেন এবং যথাযথ লম্বা হাড় বিশিষ্ট । হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো

عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ مُفْلَجَ

'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- কা-না মুফলাজাল্ আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুবের সামনের দাঁত

الْأَسْنَانَ وَكَانَ أَحْسَنَ مِنَ الْقَمَرِ فِي لَيْلَةِ أَضْحِيَانِ اللَّهُمَّ

আসনা-নি ওয়া কা-না আহসানা মিনাল্ ক্বামারি ফী- লায়লাতিন্ আছহিয়া-ন্ । আল্লা-হুম্মা মুবারক দু'টিতে প্রশস্ততা ছিলো এবং ছিলো অধিকতর সুন্দর চাঁদ অপেক্ষাও, সর্বাপেক্ষা বেশী আলোকিত রাতে (যেমন পূর্ণিমা রাতে) । হে আল্লাহ!

صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي كَانَ بَرَّاقَ الثَّنَائِيَا وَكَانَ يَرَى أَحَدَ عَشَرَ نَجْمًا

মুহাম্মাদিনি ল্লাযী- কা-না বার্-রাব্বাস্ সানা-ইয়া- ওয়া কা-না ইয়ারা- আহাদা 'আশারা নাজ্মান্ হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই সম্মানিত মাহবুবের সম্মুখস্থ উপর ও নিচের দাঁত মুবারকগুলো খুব উজ্জ্বল ছিলো এবং তিনি দেখতেন এগারটি তারা

فِي الثَّرِيَّا اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَي سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ

ফিস্ সুরাইয়্যা-। আন্না-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
'সুরাইয়া'র মধ্যে (দৃষ্টির প্রকাশ্য শক্তি অনুসারে)। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ أَفْلَجَ الثَّنِيَّتَيْنِ وَلَمْ يَكُنْ لَهُ شَعْرٌ

সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- কা-না আফলাজাস্ সানিয়্যাতায়নি ওয়া লাম ইয়াক্বুল্লাহু- শা'রুন  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুবের উভয় 'সুনায়্যা' (দাঁত)'র মধ্যে প্রশস্ততা ছিলো এবং তাঁর স্তন ও পেট

سِوَى الْمَسْرَبَةِ عَلَى الْبَطْنِ وَالثَّدْيَيْنِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَي

সিওয়াল্ মাসরাবাতি 'আলাল্ বাত্বনি ওয়াস্ সাদইয়য়ান। আন্না-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা-  
মুবারকের উপর কেশ ছিলো না পেট ও বক্ষ মুবারকের মধ্যবর্তী লোমের সরু রেখা ব্যতীত। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ رَقِيقٌ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- কা-না রাক্বী-ক্বাল  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুবের বক্ষ মুবারকের নিচের অংশ থেকে নাতী মুবারক পর্যন্ত

الْمَسْرَبَةِ ضَخَمَ الْعِظَامِ وَكَانَ إِذَا تَبَسَّمَ يَفْتَرُّ عَنْ مِثْلِ سَنَاءِ

মাসরাবাতি দ্বাখমাল্ 'ইযা-মি ওয়া কা-না ইযা- তাবাস্‌সামা ইয়্যফতিরু 'আম্ মিসলি সানা-ইল্  
লোমের সরু রেখা ছিলো এবং মোটা হাড় বিশিষ্ট ছিলেন। আর যখন মুচকি হাসতেন, তখন ওষ্ঠ মুবারক সরতো বিজলীর মতো

الْبَرْقِ أَوْ مِثْلِ حَبِّ الْغَمَامِ اللَّهُمَّ اجْعَلْ فِي قَلْبِي نُورًا وَفِي

বারক্বি আও মিসলি হাবিবল্ গামা-ম। আন্না-হুম্মাজ'আল্ ফী- ক্বালবী- নু-রাওঁ ওয়া ফী-  
চমক কিংবা শিলাবৃষ্টির দানার মতো বিচছুরিত হয়ে। হে আল্লাহ! সৃষ্টি করো আমার হৃদয়ে নূর,

بَصْرِي نُورًا وَفِي سَمْعِي نُورًا وَعَنْ يَمِينِي نُورًا وَمِنْ شِمَالِي نُورًا وَمِنْ

বাসারী- নু-রাওঁ ওয়া ফী- সাম'ঈ- নু-রাওঁ ওয়া 'আই ইয়ামী-নী- নু-রাওঁ ওয়া মিন্ শিমা-লী- নু-রাওঁ ওয়া মিন্  
আমার চোখে নূর, আমার কানে নূর, আমার ডানে নূর, আমার বামে নূর,

خَلْفِي نُورًا وَ مِنْ أَمَامِي نُورًا وَ اجْعَلْ مِنْ فَوْقِي نُورًا وَ مِنْ تَحْتِي نُورًا

খালফী- নূ-রাওঁ ওয়া মিন্ আমা-মী- নূ-রাওঁ ওয়াজ্'আল মিন্ ফাওফী- নূ-রাওঁ ওয়া মিন্ তাহ্তী- নূ-রা- ।  
আমার পেছনে নূর, আমার সামনে নূর, আমার উপরে নূর এবং আমার নিচে নূর ।

اللَّهُمَّ اعْطِنِي نُورًا وَ اجْعَلْ لِي نُورًا وَ فِي عَصَبِي نُورًا وَ فِي لَحْمِي نُورًا وَ

আল্লা-হুম্মা 'আত্ত্বিনী- নূ-রাওঁ ওয়াজ্'আলী - নূ-রাওঁ ওয়া ফী- 'আসাবী- নূ-রাওঁ ওয়া ফী- লাহমী- নূ-রাওঁ ওয়া  
হে আল্লাহ! আমাকে দান করো নূর, আমার জন্য পয়দা করো- নূর, আমার শিরা উপশিরায় নূর, আমার গোশতে নূর,

فِي دَمِي نُورًا وَ فِي شَعْرِي نُورًا وَ فِي بَشْرِي نُورًا وَ فِي لِسَانِي نُورًا وَ اجْعَلْ

ফী- দামী- নূ-রাওঁ ওয়া ফী- শারী- নূ-রাওঁ ওয়া ফী- বাশারী- নূ-রাওঁ ওয়া ফী- লিসা-নী- নূ-রাওঁ ওয়াজ্'আল  
আমার রক্তে নূর, আমার চুলে নূর, আমার ত্বকে নূর এবং আমার রসনায় নূর । আর পয়দা করো

فِي نَفْسِي نُورًا وَ اعْظِمْ لِي نُورًا اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ وَسَهِّلْ لَنَا

ফী- নাফসী- নূ-রাওঁ ওয়া আ'যিম্ লী- নূ-রা- । আল্লা-হুম্মাফতাহ্ লী- আবওয়া-বা রাহমাতিকা ওয়া সাহহিল লানা-  
আমার আত্মায় নূর এবং আমার জন্য নূরকে করে দাও মহান । হে আল্লাহ! আমাদের জন্য তোমার রহমতের দরজা খুলে দাও, আমাদের জন্য তোমার

أَبْوَابَ رِزْقِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي جِدِّي وَ هَزْلِي وَ خَطَائِي وَ عَمْدِي وَ كُلُّ

আবওয়া-বা রিয়ক্বিক । আল্লা-হুম্মাগফিরলী- জিদী- ওয়া হায়লী- ওয়া খাত্বা-ঈ ওয়া 'আমাদী- ওয়া কুল্লু  
রিযক্বের দরজাগুলো সহজ করে দাও! হে আল্লাহ! ক্ষমা করো আমার মার্জিত কর্মকাণ্ড ও অমার্জিত কর্মকাণ্ড, আমার অনিচ্ছাকৃত কাজ ও ইচ্ছাকৃত গুনাহ,

ذَلِكَ عِنْدِي اللَّهُمَّ إِنَّا نَسْتَعِينُكَ وَ نَسْتَغْفِرُكَ وَ نُؤْمِنُ بِكَ وَ نَتَوَكَّلُ

যা-লিকা ইনদী- । আল্লা-হুম্মা ইন্না- নাসতাঈ-নুকা ওয়া নাসতাগফিরক্বকা ওয়া নু'মিনু বিকা ওয়া নাতাওয়াক্কালু  
বস্তুত এ সব ধরনের বিষয় আমার মধ্যে রয়েছে । হে আল্লাহ! নিশ্চয় আমরা তোমার নিকট সাহায্য প্রার্থনা করি, ক্ষমা চাই, তোমার উপর ঈমান আনি, তোমার উপর নির্ভর করি,

عَلَيْكَ وَ نُنَبِّئُ عَلَيْكَ الْخَيْرَ وَ نَشْكُرُكَ وَ لَا نَكْفُرُكَ وَ نَخْلَعُ وَ نَتْرُكُ مَنْ

'আলায়কা ওয়া নুস্নী- 'আলায়কাল্ খায়রা, ওয়া নাশকুরক্বকা ওয়া লা- নাকফুরক্বকা ওয়া নাখ্বলা'উ ওয়া নাতারক্বু মায়  
তোমার উত্তম প্রশংসা করি, তোমার কৃতজ্ঞতা প্রকাশ করি, তোমার নি'মাতের প্রতি অকৃতজ্ঞ নই, আর আলাদা করে দিই ও বর্জন করি

يَفْجُرُكَ اللَّهُمَّ أَيَّاكَ نَعْبُدُ وَلَكَ نُصَلِّيُ وَنَسْجُدُ وَإِلَيْكَ نَسْعِي وَنَحْفِدُ

ইয়াফ্জুরক । আল্লা-হুম্মা ইয়্যা-কা না'বুদু ওয়া লাকা নুসল্লী- ওয়া নাসজুদু ওয়া ইলায়কা নাস'আ- ওয়া নাহফিদু  
তোমার অবাধ্যদেরকে । হে আল্লাহ! আমরা তোমারই ইবাদত করি, একমাত্র তোমারই জন্য নামায সম্পন্ন করি, তোমাকেই শুধু সাজদা করি, শুধু তোমারই দিকে ধাবিত হই এবং তোওবা করি,

وَنَرْجُو رَحْمَتَكَ وَنَخْشَى عَذَابَكَ الْجِدِّ إِنَّ عَذَابَكَ الْجِدِّ بِالْكَفَّارِ

ওয়া নারজু- রাহ্মাতাকা ওয়া নাখশা- 'আযা-বাকাল্ জিদ্দা ইন্না 'আযা-বাকাল্ জিদ্দা বিল্ কুফ্ফারি  
আর আমরা আশাবাদী তোমার রহমতের এবং ভয় করি তোমার শাস্তিকে । নিশ্চয় তোমার শাস্তি কঠিন, কাফিরদেরকেই

مُلْحِقٌ اللَّهُمَّ رَبِّ جِبْرَائِيلَ وَمِيكَائِيلَ وَأِسْرَافِيلَ وَمُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ

মুলহিক্ব । আল্লা-হুম্মা রাব্বা জিবরা-ঈ- লা ওয়া সী-কা-ঈ-লা ওয়া ইসরা-ফী-লা ওয়া মুহাম্মাদিন্ সাল্লাল্লা-হু 'আলায়হি  
স্পর্শকারী । হে আল্লাহ! (যিনি) রব জিব্রাঈল, মীকাঈল ও ইস্রাফীলের এবং মুহাম্মদ সাল্লাল্লাহু আলায়হি

وَسَلَّمَ أَعُوذُ بِكَ مِنَ النَّارِ اللَّهُمَّ اغْفِرْ لَنَا وَارْحَمْنَا وَارْضَ عَنَّا

ওয়া সাল্লামা আ'উযু বিকা মিনান্ না-র । আল্লা-হুম্মা গ্ফিরলানা- ওয়ারহামনা- ওয়ারহা 'আল্লা-  
ওয়াসাল্লাম-এর! আমি তোমারই আশ্রয় প্রার্থনা করছি জাহান্নামের আগুন থেকে । হে আল্লাহ! আমাদেরকে ক্ষমা করো, আমাদেরকে দান করো, আমাদের প্রতি সন্তুষ্ট হও,

وَتَقَبَّلْ مِنَّا وَأَدْخِلْنَا الْجَنَّةَ وَنَجِّنَا مِنَ النَّارِ وَأَصْلِحْ لَنَا شَأْنَنَا

ওয়া তাক্বাব্বাল্ মিন্না- ওয়া আদখিল্নাল্ জান্নাতা ওয়া নাজ্জিনা- মিনান্ না-রি ওয়া আসলিহ্ লানা- শা'নানা-  
আমাদের নিকট থেকে গ্রহণ করো, আমাদেরকে জান্নাতে প্রবেশ করাও, নাজাত দাও জাহান্নামের আগুন থেকে এবং ঠিক করে দাও আমাদের জন্য আমাদের

كُلَّهُ اللَّهُمَّ أَلْفُ بَيْنَ قُلُوبِنَا وَأَصْلِحْ ذَاتَ بَيْنِنَا وَاهْدِنَا سُبُلَ

কুল্লাহ্ । আল্লা-হুম্মা আল্লিফ বায়না কুলু-বিনা- ওয়া আসলিহ্ যা-তা বায়নিনা- ওয়াহ্দিনা- সুবুলাস্  
সমস্ত বিষয়কে । হে আল্লাহ! আমাদের হৃদয়গুলোতে ভালবাসা পয়দা করে দাও এবং সংশোধন করে দাও আমাদের পারস্পরিক সম্পর্কে, আমাদেরকে

السَّلَامِ وَنَجِّنَا مِنَ الظُّلْمِ إِلَى النُّورِ وَجَنِّبْنَا الْفُؤَاحِشَ مَا

সালা-মি ওয়া নাজ্জিনা- মিনায যুলুমা-তি ইলান্ নু-র্ । ওয়া জান্নিবনাল্ ফাওয়া-হিশা মা-  
শান্তির পথগুলোতে চালাও, আমাদেরকে নাজাত দান করো অন্ধকার রাশি থেকে আলোর দিকে পৌঁছিয়ে । আমাদেরকে দূরে রাখো অশ্লিলতাগুলো থেকে,

ظَهَرَ مِنْهَا وَمَا بَطْنَ وَبَارِكْ لَنَا فِي أَسْمَاعِنَا وَأَبْصَارِنَا وَ

যাহারা মিনহা- ওয়া মা- বাত্বানা, ওয়া বারিক লা-না ফী- আসমা-ইনা- ওয়া আবসা-রিনা- ওয়া সেগুলো থেকে যা প্রকাশ পেয়েছে এবং যা গোপন রয়েছে। বরকত দাও আমাদের জন্য কান, চোখ ও

قُلُوبِنَا وَأَزْوَاجِنَا وَذُرِّيَّتِنَا وَتُبْ عَلَيْنَا إِنَّكَ أَنْتَ التَّوَّابُ

কুলু-বিনা ওয়া আযওয়া-জিনা- ওয়া যুররিয়া-তিনা- ওয়া তুব 'আলায়না ইন্না কা আনতাত্ তাওয়াবুর হৃদয়গুলোতে এবং আমাদের স্ত্রী ও সন্তানদের মধ্যে। আমাদের প্রতি রহমতের দৃষ্টি দাও! নিশ্চয় তুমি তাওবা ক্ব্বলকারী,

الرَّحِيمُ ۝ وَاجْعَلْنَا شَاكِرِينَ لِنِعْمَتِكَ مُشِينِينَ بِهَا قَابِلِيهَا

রাহী-ম। ওয়াজ্ 'আলনা- শা-কিরী-না লিনি'মাতিকা মুসনী-না বিহা- ক্বা-বিলী-হা দয়ালু। আমাদেরকে করো কৃতজ্ঞ তোমার নি'মাতগুলোর প্রতি, ওইগুলোর সাথে প্রশংসাকারী, (মনেপ্রাণে) সেগুলোকে গ্রহণকারীরূপে

وَاتِمَّهَا عَلَيْنَا اللَّهُمَّ اقْسِمُ لَنَا مِنْ خَشْيَتِكَ مَا تَحُولُ بِهِ بَيْنَنَا

ওয়া আতিম্মাহা- 'আলায়না-। আল্লা-হুম্মাক্বসিম্ লানা- মিন খাশইয়াতিকা মা- তাহু-লু বিহী- বায়নানা- এবং সেগুলোকে আমাদের উপর পরিপূর্ণ করে দাও! হে আল্লাহ! আমাদেরকে তোমার ভয় থেকে হিসসা দাও- এ পরিমাণ যে, এর কারণে তুমিই অন্তরাল হয়ে যাবে আমাদের

وَبَيْنَ مَعْاصِيكَ وَمِنْ طَاعَتِكَ مَا تَبْلُغُنَا بِهِ جَنَّتِكَ وَمِنْ

ওয়া বায়না মা'আ-সী-কা ওয়া মিন ত্বা-'আতিকা মা- ত্বাবাল্লিগুন- বিহী- জান্নাতাকা ওয়া মিনাল্ ও আমাদের গুনাহগুলোর মধ্যখানে। আর (দান করো) তোমার আনুগত্য থেকে এতটুকু যে, তুমি এর কারণে আমাদেরকে জান্নাতে পৌঁছিয়ে দেবে এবং

الْيَقِينِ مَا تَهْوُونَ بِهِ عَلَيْنَا مَصَائِبَ الدُّنْيَا وَمَتَّعْنَا بِأَسْمَاعِنَا

ইয়াক্বী-নি মা- ত্বাহাভ্ভিনু বিহী- 'আলায়না মাসা-ইবাদ্ দুন্ইয়া- ওয়া মাত্তি'না- বিআসমা-ইনা- ইয়াক্বীন থেকে এতটুকু যে, সেটার কারণে তুমি আমাদের উপর সহজ করে দেবে দুনিয়ার মুসীবতগুলোকে। আর আমাদের জন্য উপকারী করে রাখো আমাদের কান,

وَأَبْصَارِنَا وَقُوتِنَا مَا أَحْيَيْتَنَا وَاجْعَلْهُ الْوَارِثَ مِنَّا وَاجْعَلْ ثَارَنَا

ও আবসা-রিনা- ওয়া ক্বওয়াতিনা- মা- আহইয়ায়তানা- ওয়াজ্ 'আলহল্ ওয়া-রিসা মিন্না- ওয়াজ্ 'আল সা'রানা- চোখ ও ক্ষমতাকে যতদিন যাবৎ আমাদেরকে জীবিত রাখবে এবং তাকে আমাদের ওয়ারিস বানাও! তাদের উপর আমাদের বদলা নিদ্বারণ করো,

عَلَىٰ مَنْ ظَلَمْنَا وَانْصُرْنَا عَلَىٰ مَنْ عَادَانَا وَلَا تَجْعَلْ مُصِيبَتَنَا

‘আলা- মান্ যালামানা- ওয়ানসুরনা- ‘আলা- মান্ ‘আ-দা-না- ওয়া লা- তাজ‘আল্ মুসী-বাতানা-  
যারা আমাদের উপর যুলম করেছে, আমাদেরকে সাহায্য দান করো আমাদের শত্রুদের বিরুদ্ধে। আর আমাদের মুসীবতকে

فِي دِينِنَا وَلَا تَجْعَلِ الدُّنْيَا أَكْبَرَ هَمِّنَا وَلَا مَبْلَغَ عِلْمِنَا وَلَا

ফী দী-নিনা- ওয়া লা- তাজ‘আলিদ্ দুন্ইয়া- আকবারা হামিনা- ওয়া লা- মাবলাগা ‘ইলমিনা- ওয়া লা-  
আমাদের ধর্মের মধ্যে করে না এবং দুনিয়াকে করে না, আমাদের বড় উদ্দেশ্য, না আমাদের জ্ঞানের যোগফল (অর্থাৎ আমরা তা ব্যতীত অন্য কিছু জানবো না), আর

تَسَلِّطْ عَلَيْنَا مَنْ لَا يَرْحَمُنَا اللَّهُمَّ زِدْنَا وَلَا تَنْقُصْنَا وَاکْرِمْنَا

তুসাল্লিত্ত্ব ‘আলায়না- মাল্ লা-ইয়ারহামুনা- । আল্লা-হুম্মা যিদনা- ওয়া লা- তানক্বুসনা- ওয়া আকরিমনা-  
আমাদের উপর এমন কাউকে বিজয়ী করো না যে আমাদের উপর দয়া করে না। হে আল্লাহ! আমাদের জন্য বৃদ্ধি করো, আমাদের জন্য হ্রাস করো না! আমাদেরকে সম্মান দান করো,

وَلَا تُهِنَّا وَاعْطِنَا وَلَا تَحْرِمْنَا وَاتِّرْنَا وَلَا تُؤْتِرْ عَلَيْنَا وَارْضَنَا

ওয়া লা- তুহিন্না- ওয়া আ‘ত্বিনা- ওয়া লা- তাহরিমনা- ওয়া আ-সিরনা- ওয়া লা- তু‘সির্ ‘আলায়না- ওয়া আরদিনা-  
হীন করো না! আমাদেরকে দান করো, বঞ্চিত করো না! আমাদেরকে অপরের উপর প্রাধান্য দান করো, আমাদের উপর কাউকে প্রাধান্য দিও না। আমাদেরকে সন্তুষ্ট করো,

وَارْضَ عَنَّا اللَّهُمَّ الْهَمْنِي رُشْدِي وَأَعِدْنِي مِنْ شَرِّ نَفْسِي

ওয়ারদ্বা ‘আনা- । আল্লা-হুম্মা আলহিমনী- রুশদী- ওয়া আ‘ইযনী- মিন্ শাররি নাফসী- ।  
আমাদের প্রতি সন্তুষ্ট হও! এবং হে আল্লাহ! আমার মধ্যে আমার কল্যাণের প্রেরণা দাও! আর আমাকে আশ্রয় দাও আমার নাফসের অনিষ্ট থেকে।

اللَّهُمَّ انْفَعْنِي بِمَا عَلَّمْتَنِي وَعَلِّمْنِي مَا يَنْفَعُنِي وَزِدْنِي عِلْمًا

আল্লা-হুম্মা ন্ফা‘নী- বিমা- ‘আল্লামতানী- ওয়া ‘আল্লিমনী- মা- ইয়ানফা‘উনী- ওয়া যিদনী- ‘ইলমাম্  
হে আল্লাহ! উপকার দান করো তা দ্বারা যা তুমি আমাকে শিক্ষা দিয়েছো এবং আমাকে শিক্ষা দাও ওই ইলম, যা আমাকে উপকৃত করে এবং আমাকে বৃদ্ধি করো ইলম অনুসারে

بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ ۝ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيَّ

বিরাহ্মাতিকা ইয়া- আরহামার রা-হিমী-ন । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা-  
তোমার রহমত দ্বারা, হে সর্বাধিক দয়াবান! হে আল্লাহ! দূরদ ও সালাম প্রেরণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ كَتَّ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদি<sup>লি</sup> ল্লাযী- কা-না কাসসাল  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই আক্কা ঘন দাড়ি মুবারক বিশিষ্ট

اللَّحِيَةِ وَذَرِيْعَ الْمَشِيَةِ اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ

লিহুয়াতি ওয়া যারী- 'আল্ মাশুয়াহ্ । আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
ছিলেন এবং চলার সময় ছিলেন দ্রুতগতি সম্পন্ন । হে আল্লাহ! দুরূদ ও সালাম শ্রেণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ لِحِيْتُهُ تَمْلًا صَدْرَهُ

ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদি<sup>লি</sup> ল্লাযী- কা-নাত্ লিহুইয়াতুহু- তামলাউ সদরাহু-  
এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুবের দাড়ি মুবারকে তাঁর বক্ষ মুবারক ভরে যেতো

وَقَالَ نَاعِيْتُهُ لَمْ أَرَ قَبْلَهُ وَلَا بَعْدَهُ مِثْلَهُ اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى

ওয়া ক্বা-লা না-ইতুহু- লাম আরা ক্বাবলাহু- ওয়া লা- বা'দাহু মিস্লাহ । আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা-  
এবং তাঁর প্রত্যেক না'ত খাঁ বলতো, "আমি তাঁর মতো কাউকে দেখিনি- না তাঁর পূর্বে, না তাঁর পরে ।" হে আল্লাহ! দুরূদ ও সালাম শ্রেণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ لِحِيْتُهُ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদি<sup>লি</sup> ল্লাযী- কা-নাত্ লিহুইয়াতুহু-  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যাঁর দাড়ি মুবারক

اَسْوَدٌ وَكَانَتْ كَفَّهُ مِنَ الثَّلْجِ اَبْرَدًا اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى

আসুওয়াদা ওয়া কা-নাত্ কাফুহু- মিনাস্ সালজি আবরাদ । আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা-  
কালো ছিলো এবং তাঁর হাতের তালুগল বরফের চেয়েও বেশি ঠাণ্ডা (মনে হতো, মুহাব্বতের অথহের কারণে) । হে আল্লাহ! দুরূদ ও সালাম শ্রেণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ يَأْخُذُ مِنْ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদি<sup>লি</sup> ল্লাযী- কা-না ইয়া'খুযু মিল্  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুব আপন দাড়ি মুবারক

لِحَيْتِهِ مِنَ الطُّوْلِ وَالْعَرْضِ وَكَانَ بَطْنُهُ كَالْقَرَاطِيسِ الْمُثْنَى

লিহ্য়াতিহী- মিনাতু তু-লি ওয়াল্ 'আরদি ওয়া কা-না বাত্নুহু- কাল্ ক্বারা-ত্বী-সিল্ মুসান্না-  
কাটতেন দৈর্ঘ্য থেকেও (একমুঠি অপেক্ষা বেশী হলে) এবং প্রস্থ থেকেও। আর হযরত পবিত্রতম পেট মুবারক ছিলো (সাদা ও নরম হবার কারণে) এমন সাদা কাগজসমূহের মতো,

بَعْضُهَا عَلَى بَعْضٍ هُ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَ

বা'দ্বুহা- 'আলা- বা'দ্ব'। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিদনা- মুহাম্মাদিওঁ ওয়া  
যেগুলো ভাঁজ করা হয়েছে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং

عَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ ضَخْمَ الْكَرَادِيسِ ضَخْمَ

'আলা- আ-লি সাযিদিদনা- মুহাম্মাদিল্লা ন্বাযী- কা-না দ্বাখমাল্ কারা-দী-সি দ্বাখমাল্  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, যেই মাহবুবের স্কন্ধযুগলের হাড়গুলো বড় ছিলো, শির মুবারকের উপরিভাগ

الْهَامَةِ وَكَانَ خَاتَمُ نُبُوَّتِهِ بَضْعَةً نَاشِزَةً كَبَيْضَةِ الْحَمَامَةِ

হা-মাতি ওয়া কা-না খা-তামু নুবুওয়াতিহী- বাদ্ব'আতান্ না-শিয়াতান্ কাবায়দ্বাতিল্ হামা-মাহ্।  
বড় ছিলো, তাঁর 'মোহর-ই নুবুয়ত' গোশতের উখিত টুকরো ছিলো কবুতরের ডিমের মতো।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিদনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিদনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي خَاتَمَ النُّبُوَّةَ عِنْدَ نَاغِضِ كَتِفِهِ الْيُسْرَى وَكَانَ

